



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

কেন্দ্রীয় সচিবালয়

ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা

www.bpdb.gov.bd



জরুরি

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.১০১.০৬.০০১.২০-৪১২

তারিখ: ১৮ কার্তিক ১৪২৭
০৩ নভেম্বর ২০২০

অফিস আদেশ

The Rules of Business, 1996 এর rule 4 (vii) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক কার্যনিষ্পত্তির জন্য সচিবালয় নির্দেশমালা, ২০১৪ জারি করা হয়। যা প্রযোজ্য হিসেবে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল প্রকার কার্যনিষ্পত্তিতে ব্যবহারের জন্য সরকারের নির্দেশনা রয়েছে।

২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের দপ্তরসমূহ হতে জারিকৃত অফিস স্মারক, অফিস আদেশ, বিজ্ঞপ্তি, প্রতিবেদন, পত্র, পরিপত্র, আধা-সরকারি পত্র, অনুলিপি প্রেরণ/পৃষ্ঠাঙ্কন, প্রজ্ঞাপন, সিদ্ধান্ত প্রস্তাব, প্রেস নোট, অনানুষ্ঠানিক নোট, চলতি নথি, নথি ইত্যাদি দাপ্তরিক কার্যনিষ্পত্তিতে নির্ধারিত স্থানে সঠিকরূপে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামযুক্ত সিলমোহর ও তারিখসহ স্বাক্ষর এর ব্যত্যয় ঘটছে। যা দাপ্তরিক কার্যনিষ্পত্তিতে দায়িত্বহীনতার পরিচয় বহন করে ও সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর পরিপন্থী।

৩। উল্লিখিত বিষয়ে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ১৮৬৮তম সাধারণ বোর্ড সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল পর্যায়ে সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যনিষ্পত্তিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার করণীয় বিষয়ে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়। যা নিম্নরূপ:

- ক) কার্যনিষ্পত্তির জন্য জারিকৃত সকল অফিস স্মারক, অফিস আদেশ, বিজ্ঞপ্তি, প্রতিবেদন, পত্র, পরিপত্র, আধা-সরকারি পত্র, অনুলিপি প্রেরণ/পৃষ্ঠাঙ্কন, প্রজ্ঞাপন, সিদ্ধান্ত প্রস্তাব, প্রেস নোট ইত্যাদির ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত স্থানে সঠিকরূপে নামযুক্ত সিলমোহর ও তারিখসহ স্বাক্ষর বাধ্যতামূলক;
- খ) যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরে অফিস স্মারক, অফিস আদেশ, বিজ্ঞপ্তি, প্রতিবেদন, পত্র, পরিপত্র, আধা-সরকারি পত্র, অনুলিপি প্রেরণ/পৃষ্ঠাঙ্কন, প্রজ্ঞাপন, সিদ্ধান্ত প্রস্তাব, প্রেস নোট ইত্যাদি প্রেরিত হবে তাঁর নাম, পরচিতি নম্বর, পদনাম, টেলিফোন নম্বর, ই-মেইল, ফ্যাক্স নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে;
- গ) কার্যনিষ্পত্তির জন্য উপস্থাপিত অনানুষ্ঠানিক নোট, চলতি নথি, নথি ইত্যাদি প্রস্তাব এর ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শেষ পৃষ্ঠার নির্ধারিত স্থানে সঠিকরূপে নামযুক্ত সিলমোহর ও তারিখসহ স্বাক্ষর অপরিহার্য;
- ঘ) কোনো বিষয়ে নথিতে নোট প্রদানকালে নোট একাধিক পৃষ্ঠার হয় তা হলে নোট প্রদানকারী কর্মকর্তা/কর্মচারী প্রতিপৃষ্ঠায় অনুস্বাক্ষর করবেন। নথি উপস্থাপনকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নোটশিটের শেষপৃষ্ঠায় বামপার্শ্বে স্থায়ী নাম ও পদনাম প্রদর্শনপূর্বক তারিখসহ স্বাক্ষর প্রদান করবেন। উর্ধ্বতন কর্মকর্তার নিকটে নোট পেশ করবার পর তিনি একমত হলে শেষ পৃষ্ঠার নির্ধারিত স্থানে সংশ্লিষ্ট কর্মকর্তা তারিখ ও সিলমোহরসহ স্বাক্ষর করবেন এবং পূর্ববর্তী নোট পৃষ্ঠাসমূহে অনুস্বাক্ষর করবেন। পেশকৃত বক্তব্য/প্রস্তাবের সাথে একমত না হলে তিনি নিজস্ব বক্তব্য/সিদ্ধান্ত লিপিবদ্ধ করে নির্ধারিত স্থানে সিলমোহরসহ স্বাক্ষর করবেন। এ ক্ষেত্রেও তিনি পূর্ববর্তী নোট পৃষ্ঠাসমূহে অনুস্বাক্ষর করবেন। তিনি পরবর্তী উর্ধ্বতন কর্মকর্তার নিকট নথিটি পেশ করলে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাও একই নিয়ম অনুসরণ করবেন;
- ঙ) কোনো নথির উর্ধ্বমুখী গতির সময় ডানপার্শ্বে এবং নিম্নমুখী গতির সময় বামপার্শ্বে প্রাপক কর্মকর্তার পদনাম চিহ্নিত করতে হবে।

৪। এমতাবস্থায়, সুচারুরূপে দাপ্তরিক কার্যনিষ্পত্তির স্বার্থে উপরিউক্ত নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



(সাইফুল ইসলাম আজাদ)

সচিব

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা

☎: ০২-৯৫৫৪২০৯

Secretary@bpdb.gov.bd


চলমান-২

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.১০১.০৬.০০১.২০-৪১২

তারিখ: ১৮ কার্তিক ১৪২৭
০৩ নভেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সদস্য, প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/উৎপাদন/কোম্পানি অ্যাফেয়ার্স/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৪। সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৫। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেন্টার, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা(অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। সকল উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ১১। অফিস কপি।



(মোঃ রানা ইকবাল)
উপসচিব (সংস্থাপন)
☎: ০২-৯৫৫০৫২৩